**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 24.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১/ বৃষ্টির জন্য বাংলায় বন্যা হয়না, DVC-র ছাড়া জলেই রাজ্য বাণভাসী হয় বলে আবারো অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী।

# অন্যদিকে বিরোধী দলনেতার অভিযোগ, রক্ষণাবেক্ষণের অভাবে বাঁধ ভেঙ্গেই প্লাবিত হয়েছে রাজ্যের বিভিন্ন জেলা।

২/ বঙ্গোপসাগরে ট্রলার ডুবিতে মৃত আট মৎস্যজীবীর পরিবারের হাতে রাজ্য সরকার দু'লক্ষ টাকার চেক তুলে দিয়েছে।

৩/ গরু পাচার মামলায় প্রায় ২'বছর তিহাড় জেলে বন্দী থাকার পর জামিন পেয়ে কন্যা সহ আজ বীরভূমে ফিরেছেন অনুব্রত মন্ডল।

৪/ সুপ্রিম কোর্ট, উচ্চ প্রাথমিকে ১৪ হাজারেরও বেশি শূন্যপদে শিক্ষক নিয়োগ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রায় বহাল রেখেছে।

৫/ আলিপুর চিড়িয়াখানার দেড়শ বছর উপলক্ষ্যে দেখভালের দায়িত্বে থাকা কর্মীদের এবার বিমার আওতায় আনছে রাজ্য সরকার।

***********************************************************************

পূর্ব বর্ধমানের পর বীরভূমে গিয়েও রাজ্যে বন্যা পরিস্থিতির জন্য DVC-কেই দায়ী করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বোলপুরে প্রশাসনিক বৈঠকের পর সাংবাদিকদের তিনি বলেন, বৃষ্টির জন্য বাংলায় বন্যা হয় না। প্রতিবছরই ঝাড়খন্ডের জলে ভাসে এরাজ্য। জলশক্তি মন্ত্রক রাজ্যকে না জানিয়ে জল ছেড়েছে। এরই প্রতিবাদে DVC থেকে পদত্যাগ করেছেন রাজ্যের দুই প্রতিনিধি।

(বাইট- মমতা )

বন্যায় ভেঙে যাওয়া রাস্তা এবং ক্ষতিগ্রস্ত স্কুল পুনর্নির্মাণের কাজে সাংসদ ও বিধায়ক তহবিলের টাকা খরচ করার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

ভিনরাজ্যে বাংলার পরিযায়ী শ্রমিকদের মৃত্যু নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, এইসব শ্রমিকের পরিবার পিছু রাজ্য সরকার ২'লক্ষ টাকা করে দেবে।

বন্যায় যাদের মৃত্যু হয়েছে, তাঁদের এবং বিনা চিকিৎসায় মৃত ২৯ জনের পরিবারকেও দেওয়া হবে ২'লক্ষ টাকা।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দাবী, DVC-র জল ছাড়ার জন্য নয়, রাজ্য সরকারের গাফিলতিতে বাঁধ ভেঙ্গেই ভেসেছে বাংলা।

(বাইট- শুভেন্দু)

কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী আজ হুগলির খানাকুলে বন্যাকবলিত এলাকা ঘুরে দেখেন। কথা বলেন বন্যা দুর্গতদের সঙ্গে। তাঁদের হাতে ত্রাণসামগ্রী তুলে দেন। তিনি বলেন, বন্যা নিয়ে দোষারোপ, পাল্টা দোষারোপের সময় এটা নয়। বন্যা কবলিত মানুষজনের সমস্যার সুরাহা এখন সবচেয়ে বড় কাজ।

*********************

DVC জল ছাড়ার পরিমাণ কমানোয় রাজ্যে বন্যা পরিস্থিতির আরও কিছুটা উন্নতি হলেও আগামী কয়েকদিন ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় নতুন করে বানভাসি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। গতসন্ধ্যায় মাইথন জলাধার থেকে ২৪ হাজার এবং পাঞ্চেত জলাধার থেকে ৯ হাজার কিউসেক হারে জল ছাড়া হয়েছে। যা আগের কয়েকদিনের তুলনায়

অনেকটাই কম। পূর্ব মেদিনীপুর, হুগলি এবং হাওড়ার বিস্তীর্ণ অংশ থেকে জল নামছে। ঘাটাল-সহ পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন ব্লকে বন্যার জল এখন আর নেই। ঘাটাল, দাসপুর, ডেবরায় নদী এবং সেচখালগুলির জল বিপদসীমার নীচে নেমেছে। জল নামায় শিলাবতী নদীর উপরে ভাসাপোল ধরে যাতায়াত শুরু করেছেন মানুষ। তবে বেশ কিছু এলাকায় এখনও জল জমে রয়েছে। জল রয়েছে চাষের জমিতেও। বন্যার জল নামতে শুরু করায় ধাপে ধাপে বিদ্যুৎ সংযোগ ফেরানোর প্রক্রিয়া শুরু হয়েছে। বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার ঘটনা যাতে না ঘটে, সেজন্য নেওয়া হয়েছে বিশেষ সতর্কতা মূলক ব্যবস্থা। বন্যায় কোথায় কত বাড়ি আংশিক বা সম্পূর্ণ ভেঙেছে, চাষের জমি কতটা নষ্ট হয়েছে, তা নির্ণয় করছে রাজ্য সরকার। জলবাহিত রোগের প্রকোপ কমাতে স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নিচ্ছেন।

*********************

মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য ও তার লাগোয়া উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরী হয়েছে।

এর প্রভাবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগণা জেলার কিছু জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

আগামীকাল বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সতর্কতা থাকছে পূর্ব মেদিনীপুর, দুই ২৪ পরগণা, দুই বর্ধমান, বীরভূম, হুগলী, নদীয়া ও মুর্শিদাবাদ জেলায়।

উত্তরবঙ্গেও আগামীকাল সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা। ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়।

*********************

বঙ্গোপসাগরে ট্রলার ডুবিতে মৃত আট মৎস্যজীবীর পরিবারের হাতে রাজ্য সরকারের পক্ষ থেকে আজ দু'লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। কাকদ্বীপের বিডিও অফিসে চেক বিলির সময় উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত গুপ্তা, জেলা সভাধিপতি নীলিমা বিশাল

মিস্ত্রী, বিধায়ক মন্টুরাম পাখিরা প্রমুখ। রাজ্য সরকারের ‘মৎসবন্ধু’ প্রকল্প থেকে এই অর্থ সাহায্য দেওয়া হল বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

ওই ট্রলার ডুবির ঘটনায় একজন এখনো নিখোঁজ।

********************

গরু পাচার মামলায় প্রায় ২’বছর তিহাড় জেলে বন্দী থাকার পর জামিন পেয়ে কন্যা সহ আজ বীরভূমে ফিরেছেন তৃণমূল কংগ্রেসের দাপুটে নেতা অনুব্রত মন্ডল।
ভোরে কলকাতা বিমান বন্দরে পৌঁছেই বোলপুরের নীচুপট্টিতে বাড়ির উদ্দেশে রওনা হন অনুব্রত ও সুকন্যা। রাস্তায় একাধিকবার অনুগামীদের উচ্ছ্বাসের প্রাবল্যে থামতে হয় তৃণমূল নেতাকে। বাড়িতেও ছিল নেতা, কর্মী, সমর্থকদের ভিড়। তবে, জল্পনা চললেও বোলপুরে প্রশাসনিক বৈঠকে আসা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা হয়নি তাঁর।

প্রবীন বিজেপি নেতা দিলীপ ঘোষ আজ বর্ধমানে সাংবাদিকদের বলেন, অনুব্রতর মতো নেতারাই তৃণমূল কংগ্রেসের সম্পদ। জামিন পেলেই কেউ নিরপরাধ প্রমাণিত হন না।

(বাইট- দিলীপ )

********************

বিজেপি বলেছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে গণতান্ত্রিকভাবে ক্ষমতাচ্যুত করার পরেই প্রকৃত উৎসব পালন হবে। উত্তরবঙ্গে নির্যাতিতাদের ন্যায় বিচার, স্বাস্থ্য দপ্তরে দুর্নীতিতে অভিযুক্তদের গ্রেপ্তার ও মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি আজ শিলিগুড়ির বাঘাযতীন পার্ক থেকে এয়ারভিউ মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল করে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মিছিলে নেতৃত্ব দেন। পরে এক প্রতিবাদ সভায় তিনি বলেন, ১হাজার টাকা লক্ষীর ভান্ডার এবং ৮৫হাজার টাকা পূজোর অনুদান দিলেই রাজ্যের মানুষ সবকিছু ভুলে যাবে বলে মুখ্যমন্ত্রী মনে করেন। কিন্ত মানুষ তা ভুলবে না  বিজেপি ভুলতে দেবে না। তিনি অভিযোগ করেন, সরকারি হাসপাতালে যে ফেয়ার প্রাইস ওষুধের দোকান রয়েছে, সেখানে অধিকাংশ ওষুধ জাল।  এইসব ওষুধের নমুনা সংগ্রহের জন্য তিনি সিবিআইকে আর্জি জানাবেন।

********************

আসন্ন উৎসবের দিনগুলিতে আইন-শৃঙ্খলা রক্ষার কথা মাথায় রেখে রাজ্য সরকার কলকাতা এবং রাজ্য পুলিশে সর্বস্তরের কর্মীর ছুটি বাতিল করেছে।
খুব জরুরী প্রয়োজন ছাড়া আগামী পয়লা অক্টোবর থেকে আটই নভেম্বর পর্যন্ত পুলিশ কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে বলে ADG আইনশৃঙ্খলার পক্ষ থেকে এক নির্দেশিকায় জানানো হয়েছে।

********************

RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় আজ নিয়ে পর পর চারদিন CGO কমপ্লেক্সে CBI-এর জেরার মুখোমুখি হন ফরেন্সিক মেডিসিন বিভাগের অধ্যাপক অপূর্ব বিশ্বাস। নিহত চিকিৎসকের দেহের ময়নাতদন্তকারী দলের নেতৃত্বে ছিলেন তিনি। গত রবিবার CGO কমপ্লেক্স থেকে বেরোনোর সময় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তাঁর মন্তব্যে শোরগোল পড়ে যায়। তিনি বলেছিলেন, দ্রুত ময়নাতদন্ত শেষ করার জন্য তাঁকে চাপ দেওয়া হয়েছিল। বলা হয়েছিল সেদিনই পোস্টমর্টেম না হলে রক্তগঙ্গা বয়ে যাবে।

দুই PGT ছাত্রীকে নিয়ে আজ CGO কমপ্লেক্সে যান RG Kar-এর বর্তমান MSVP সপ্তর্ষি চট্টোপাধ্যায়। সঙ্গে ছিল কিছু নথিপত্র।

অন্যদিকে, RG Kar-এর প্রাক্তন MSVP সঞ্জয় বশিষ্ঠকে আজ নিজাম প্যালেসে তলব করা হয়।

********************

বিধানসভায় পাশ হয়ে গেলেও রাজ্যপাল সিভি আনন্দ বোস অপরাজিতা সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিলে অনুমোদন দিচ্ছেন না বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার কাছে অভিযোগ জানিয়েছেন। নতুন দিল্লিতে দশম সর্বভারতীয় স্পিকারস কনফারেন্সে যোগ দিয়ে অধ্যক্ষ বলেন, উদ্দেশ্যপ্রণোদিতভাবে পশ্চিমবঙ্গের একাধিক জনপ্রতিনিধিকে তলব করছে কেন্দ্রীয় এজেন্সি। বিনা নোটিশে তাদের বাড়িতে হানা দিয়ে পরিষদীয় কাজে ব্যাঘাত ঘটানো হচ্ছে।

********************

উচ্চপ্রাথমিকে ১৪ হাজারেরও বেশি শূন্যপদে শিক্ষক নিয়োগ করতে পারবে স্কুল সার্ভিস কমিশন। সুপ্রিম কোর্ট, কলকাতা হাইকোর্টের এ'সংক্রান্ত রায় বহাল রেখেছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ আজ জানিয়েছেন, হাই কোর্টের নির্দেশে এখনই হস্তক্ষেপ করছে না শীর্ষ আদালত।

১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের ওই নির্দেশ সংরক্ষণ নীতির বিরোধী, এই অভিযোগে সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হন কয়েক জন চাকরিপ্রার্থী। ফলে নিয়োগ নিয়ে ফের তৈরি হয় জটিলতা।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ বলেছেন, নতুনদের আবেদন শোনা হবে না। হাইকোর্টই মামলাকারীদের বক্তব্য শুনবে।

********************

আলিপুর চিড়িয়াখানার দেড়শ বছর উপলক্ষ্যে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা জানান, পশুপাখিদের দেখভালের দায়িত্বে থাকা কর্মীরা এবার রাজ্য সরকারের বিমার আওতায় আসতে চলেছেন।

( বাইট- বীরবাহা )

বন দপ্তরের অতিরিক্ত প্রধান সচিব মনোজ আগরওয়াল জানান, সারা দেশে ১৬৩টি চিড়িয়াখানার মধ্যে চতুর্থ স্থানে রয়েছে আলিপুর চিড়িয়াখানা।

পুরমন্ত্রী ফিরহাদ হাকিম সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে দুটি সুসজ্জিত তোড়ণের উদ্বোধন করেন।

স্বাগত ভাষণে বন দপ্তরের সচিব সৌরভ চৌধুরী জানান, আলিপুর চিড়িয়াখানার দেড়শ বছর উপলক্ষ্যে বর্ষব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

********************

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের পক্ষ থেকে স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসেবে 'এক পেড় মা কে নাম' কর্মসূচির আওতায় আজ চারাগাছ রোপণ করা হয়।

আকাশবাণী ভবনের বাগানে লাগানো হয় দুটি চারা গাছ। উপস্থিত ছিলেন সংবাদ বিভাগের প্রধান সুস্মিতা মন্ডল সহ অন্যান্য কর্মীরা।

অন্যদিকে, স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসেবে আজ সুন্দরবনের বাসন্তী ব্লকের কুলতলিতে 'এক পেড় মা কে নাম' কর্মসূচির আওতায় কয়েক হাজার মহিলার হাতে ফলের চারা গাছ তুলে দেওয়া হল। কেন্দ্রীয় সরকারের কৃষি অনুসন্ধান পরিষদের অধীন ‘জুট এন্ড অ্যালায়েড ফাইবার্সে’র কলকাতা রিজিয়ন, এই কর্মসূচির আয়োজন করেছিল। সহযোগিতায় ছিল কুলতলি মিলনতীর্থ সোসাইটি।

*********************

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের সুপার সিক্স পর্বের ম্যাচে আজ ব্যারাকপুর ষ্টেডিয়ামে মহামেডান স্পোর্টিং ১-২ গোলে সুরুচি সংঘের কাছে পরাজিত হয়েছে।

সুরুচি সংঘের সঞ্জয় ওরাও ও আবুসুফিয়ান এবং মহামেডান স্পোর্টিং-এর সাকা গোল করেছেন।

**********************************************************************